গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ টেলিভিশন
চট্টগ্রাম কেন্দ্র।

নং-১৫.৫৪.১৫০০.০৪২.৪৩.২৯২.২২. ৩৭৮

তারিখঃ ১৬ চৈত্র ১৪২৯ বঙ্গাব্দ
৩০ মার্চ ২০২২ খ্রিস্টাব্দ

বিষয়: বাংলাদেশ টেলিভিশন, চট্টগ্রাম কেন্দ্রের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর ৩.২ ৩.৩ ও ৩.৪ ক্রমিকে বর্ণিত কার্যক্রমের পরিদর্শন প্রতিবেদন প্রেরণ

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ টেলিভিশন, চট্টগ্রাম কেন্দ্রের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর ৩.২, ৩.৩ ও ৩.৪ এ ক্রমিকে বর্ণিত কার্যক্রমের প্রতিবেদন মহোদয়ের সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এ সাথে প্রেরণ করা হলো।

সংযুক্তি:......০৩......পাতা।

নূর আনোয়ার হোসেন
জেনারেল ম্যানেজার (চ: দা:)

মহাপরিচালক
বাংলাদেশ টেলিভিশন
রামপুরা, ঢাকা।

অনুলিপি:

০১। সিনিয়র সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ টেলিভিশন, রামপুরা, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
০২। কার্যালয় নথি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ টেলিভিশন
চট্টগ্রাম কেন্দ্র।

তারিখঃ ০৭.০৩.২০২৩ খ্রি:

১) বিষয়: বাংলাদেশ টেলিভিশন, চট্টগ্রাম কেন্দ্রের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর ৩.২ মনিটরিংয়ের মাধ্যমে চট্টগ্রাম কেন্দ্রের কম্পিউটার ও ইলেকট্রনিক্স যন্ত্রপাতি যথাযথ ব্যবহারে স্বচ্ছতা আনয়নে পরিদর্শন প্রতিবেদন

২) পরিদর্শন কর্মকর্তার নাম ও পদবি: নূর আনোয়ার হোসেন, জেনারেল ম্যানেজার (চ: দা:)

৩) পরিদর্শনের তারিখ ও সময়: ০৭.০৩.২০২৩ তারিখ সকাল ১০.০০ ঘটিকা

বাংলাদেশ টেলিভিশন, চট্টগ্রাম কেন্দ্রের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর ৩.২ ক্রমিকে বর্ণিত কম্পিউটার ও ইলেকট্রনিক্স যন্ত্রপাতি ব্যবহারে স্বচ্ছতা আনয়নে ড্রামা স্টুডিও, নিউজ স্টুডিও এবং কন্ট্রোল রুমসমূহ সংশ্লিষ্ট স্থান সরেজমিনে পরিদর্শন করা হয়। পরিদর্শকালে কমিটির সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।

পরিদর্শন সংক্রান্ত তথ্যাদি নিম্নরূপ:

১. ড্রামা ও নিউজ স্টুডিওতে ব্যবহৃত যন্ত্রপাতি (ক্যামেরা, লাইট ও আনুষঙ্গিক যন্ত্রপাতি) যথাযথভাবে ব্যবহার এবং ইকুইপমেন্ট ক্লিনার ও সংশ্লিষ্ট কর্মী দিয়ে পরিস্কার পরিচ্ছন্ন রাখার জন্য নির্দেশনা প্রদান করা হয়;

২. ২০২২-২৩ অর্থ বছরে কম্পিউটার ও আনুষঙ্গিক সংশ্লিষ্ট কোডে বরাদ্দকৃত অর্থ বরাদ্দ স্থগিত রাখায় কম্পিউটার ক্রয় করা সম্ভব হচ্ছে না; বিধায় শাখায় ব্যবহৃত কম্পিউটার ও সংশ্লিষ্ট যন্ত্রপাতি যথাযথ ব্যবহার ও পরিস্কার পরিচ্ছন্ন রাখার পরামর্শ প্রদান করা হয়েছে। এছাড়া শাখায় ব্যবহৃত স্বল্প ত্রুটি সম্পন্ন কম্পিউটার মেরামত করে ব্যবহার উপযোগী করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে;

৩. বিদ্যুৎ ব্যবহারে মিতব্যয়ী হওয়ার জন্য কম্পিউটার ও ইলেকট্রনিক্স যন্ত্রপাতি কাজের সময় ব্যতিত অন্য সময়ে বন্ধ রাখা এবং কন্ট্রোল রুমসহ স্টুডিওসমূহে এসির তাপমাত্রা সর্বনিম্ন ২৫° সেলসিয়াস এর মধ্যে রাখার নির্দেশনা প্রদান করা হয়;

৪. সদর দপ্তরসহ সকল কেন্দ্র/উপকেন্দ্রে ই-মেইল যোগে দ্রুততার সাথে তথ্য আদান প্রদানের লক্ষ্যে সরবরাহকৃত দ্রুতগতির ব্রডব্যান্ড ইন্টারনেটের যথাযথ ব্যবহার নিশ্চিত করার জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে।

| | | |
|---|---|---|
| সুকুমার বিশ্বাস<br>সহকারী পরিচালক (প্রশাসন)<br>ও<br>সদস্য-সচিব | মো: মকবুল হোসেন<br>টেলিভিশন প্রকৌশলী (গ্রেড-১)<br>ও<br>সদস্য | নূর আনোয়ার হোসেন<br>জেনারেল ম্যানেজার (চ: দা:)<br>ও<br>আহ্বায়ক |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ টেলিভিশন
চট্টগ্রাম কেন্দ্র।

তারিখ: ২৭.০৩.২০২৩

বিষয়ঃ বাংলাদেশ টেলিভিশন চট্টগ্রাম কেন্দ্রের প্রান্তিকের (জানুয়ারি-মার্চ, ২০২৩) অনুষ্ঠানসমূহের মনিটরিং সংক্রান্ত প্রতিবেদন।

সূত্রঃ ১৫.৫৪.১৫০০.০৪২.৪৩.২২.১০৩৩, তারিখ: ১২ সেপ্টেম্বর, ২০২২খ্রিস্টাব্দ

বাংলাদেশ টেলিভিশন, চট্টগ্রাম কেন্দ্রের ২৪ ঘন্টার ফিক্সড পয়েন্ট চার্ট অনুযায়ী প্রযোজকদের মধ্যে প্রান্তিকের (জানুয়ারি-মার্চ, ২০২৩) অনুষ্ঠানের কর্মবন্টন করা হয়। অত্র কেন্দ্রের অনুষ্ঠানসমূহ মনিটরিংয়ের জন্য একটি কমিটি গঠন করা হয় । ২৭ মার্চ, ২০২৩ তরিখে অনুষ্ঠানসমূহের মনিটরিং সংক্রান্ত একটি সভা অনুষ্ঠিত হয়। কমিটি নিম্নবর্ণিত বিষয়গুলো যথাযথভাবে প্রতিপালন করা হচ্ছে মর্মে আলোচনা করেন।

ক) মানসম্মত অনুষ্ঠানের পরিকল্পনা গ্রহণ, নির্মাণ ও প্রচারের ব্যবস্থা করা হয়।

খ) ৭ই মার্চের অনুষ্ঠানমালায় প্রচারিত বঙ্গবন্ধুর ৭ই মার্চের ভাষণ, বিশেষ আলোচনা, শিশুতোষ অনুষ্ঠান, কবিতা আবৃত্তি, গান ইত্যাদি অনুষ্ঠান প্রচার ও মনিটরিং করা হয়।

গ) ১৭ই মার্চ জাতির পিতার জন্মদিন ও জাতীয় শিশু দিবস উপলক্ষে দিনব্যাপী বিশেষ অনুষ্ঠানমালা প্রচার হয়। বঙ্গবন্ধুকে নিয়ে গান, কবিতা আবৃত্তি, শিশুতোষ আলেখ্যানুষ্ঠান ইত্যাদি প্রচার ও মনিটরিং করা হয়।

ঘ) ফেব্রুয়ারি/২০২৩ ভাষার মাস উপলক্ষে মাসব্যাপী বিশেষ অনুষ্ঠান নির্মাণ ও প্রচার করা হয়। ২১ শে ফেব্রুয়ারি আন্তর্জাতিক মাতৃভাষা দিবসে দিনব্যাপী বিশেষ অনুষ্ঠান প্রচার করা হয়।

ঙ) ২৬শে মার্চ মহান স্বাধীনতা দিবসে দিনব্যাপী বিশেষ অনুষ্ঠানমালা প্রচার করা হয়। দেশের গান, ৭ই মার্চের ভাষণ, শিশুতোষ অনুষ্ঠান, কবিতা আবৃত্তি, কবিদের কবিতা পাঠ, আলোচনা অনুষ্ঠান, শিশু নাটক, প্রামাণ্য, স্বাধীন বাংলা বেতারের শিল্পীদের অংশগ্রহণে গানের অনুষ্ঠান ইত্যাদি যথাযথভাবে প্রচার ও মনিটরিং করা হয়।

চ) স্বাধীনতার মাস মার্চ,২০২৩ উপলক্ষে মাসব্যাপী বিশেষ অনুষ্ঠানমালা প্রচার করা হয়।

ছ) বর্হিদৃশ্য ধারণের জন্য উপযুক্ত স্থান নির্বাচন করা হয়।

জ) সেট নির্মাণে শিল্প নির্দেশকের সাথে সমন্বয় করা।

ঝ) শিল্পী নির্বাচন করা।

ঞ) অনুষ্ঠানের প্রাক বাজেট আলোচনা করা।

ট) অনুষ্ঠান সম্পাদনায় এডিটরকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান।

ঠ) নিয়মিত ও বিশেষ অনুষ্ঠানের প্রোমো নির্মাণ করা।

ড) বর্তমান সরকারের বিভিন্ন উন্নয়নমূলক অনুষ্ঠান প্রচার ও মনিটরিং করা হয়। অনুষ্ঠানসমূহ নির্মাণে প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান ও যথাযথ মনিটরিং করা হয়।

ঢ) সরাসরি অনুষ্ঠান (আপনার ডাক্তার, গানের ভুবনে) যথাযথ মনিটরিং করা।

ণ) অনুষ্ঠানের সেটের সাথে লাইটিংয়ের প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হয়।

ত) অনুষ্ঠান প্রচারের পূর্বে প্রিভিউ করা হয়।

থ) ফিক্সড পয়েন্ট চার্ট অনুযায়ী যথাযথ সময়ে অনুষ্ঠান প্রচারের জন্য উপস্থাপন শাখায় জমা দেওয়া হয়।

উপরোক্ত বিষয়গুলো বাস্তবায়নের মাধ্যমে বাংলাদেশ টেলিভিশন, চট্টগ্রাম কেন্দ্রের অনুষ্ঠানসমূহের মনিটরিং করা হয়ে থাকে।

০২। এমতাবস্থায়, বাংলাদেশ টেলিভিশন, চট্টগ্রাম কেন্দ্রের (জানুয়ারি-মার্চ, ২০২৩) প্রান্তিকের অনুষ্ঠানসমূহের মনিটরিং সংক্রান্ত প্রতিবেদন সদয় অবগতি ও প্রয়োজনী ব্যবস্থা গ্রহণের জন্য উপস্থাপন করা হলো।

আবুল কাশেম মোহাম্মদ মাসুদ
অধিবেশন নিয়ন্ত্রক
বাংলাদেশ টেলিভিশন
চট্টগ্রাম কেন্দ্র

সৈয়দা হাবিবা দীনা
প্রযোজক (গ্রেড-২)
বাংলাদেশ টেলিভিশন

রোমানা শারমীন
বি সি এস (তথ্য)
কন্ট্রোলার/ প্রোগ্রাম ম্যানেজার
বাংলাদেশ টেলিভিশন
চট্টগ্রাম কেন্দ্র

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ টেলিভিশন
চট্টগ্রাম কেন্দ্র।

তারিখঃ ১২.০৩.২০২৩ খ্রি:

১) বিষয়: বাংলাদেশ টেলিভিশন, চট্টগ্রাম কেন্দ্রের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর ৩.৪ মনিটরিংয়ের মাধ্যমে চট্টগ্রাম কেন্দ্রের আসবাবপত্র ব্যবহারের স্বচ্ছতা আনয়নে পরিদর্শন প্রতিবেদন
২) পরিদর্শন কর্মকর্তার নাম ও পদবি: নূর আনোয়ার হোসেন, জেনারেল ম্যানেজার (চ: দা:)
৩) পরিদর্শনের তারিখ ও সময় : ১২.০৩.২০২৩ তারিখ সকাল ১১.০০ ঘটিকা।

বাংলাদেশ টেলিভিশন, চট্টগ্রাম কেন্দ্রের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর ৩.৪ ক্রমিকে বর্ণিত আসবাবপত্র ব্যবহারে স্বচ্ছতা আনয়নে বিভিন্ন শাখা সরেজমিনে পরিদর্শন করা হয়। পরিদর্শকালে কমিটির সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন;

পরিদর্শন সংক্রান্ত তথ্যাদি নিম্নরূপ:

১. শাখায় ব্যবহৃত চেয়ার টেবিল অফিস খোলার পূর্বে পরিস্কার পরিচ্ছন্ন পাওয়া যায়। এ ধারা অব্যাহত রাখার জন্য সংশ্লিষ্টদের পরামর্শ প্রদান করা হয়েছে;
২. প্রশাসন শাখায় মেরামতযোগ্য ১২টি চেয়ার ও ০৬টি আলমারি ও হিসাব শাখায় ০৪টি আলমারি মেরামত করে ব্যবহারের উপযোগী করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে;
৩. দর্শনার্থীদের বসার স্থানে ভিজিটিং চেয়ার প্রতিনিয়ত পরিস্কার পরিচ্ছন্ন রাখার জন্য সংশ্লিষ্টদের নির্দেশনা দেয়া হয়েছে;
৪. বিভিন্ন শাখায় ব্যবহৃত যে সকল আসবাবপত্রের রং নষ্ট হয়ে গেছে সেগুলো রং করে করার জন্য কমন সার্ভিসের সংশ্লিষ্টদের নির্দেশনা প্রদান করা হয়েছে।

| | | |
|---|---|---|
| (স্বাক্ষরিত) ১২/০৩/২৩ | (স্বাক্ষরিত) ১২/০৩/২০২৩ | (স্বাক্ষরিত) ১২/০৩/২৩ |
| সুকুমার বিশ্বাস<br>সহকারী পরিচালক (প্রশাসন)<br>ও<br>সদস্য-সচিব | আক্তারুজ্জামান<br>সহকারী পরিচালক (অর্থ)<br>ও<br>সদস্য | নূর আনোয়ার হোসেন<br>জেনারেল ম্যানেজার (চ: দা:)<br>ও<br>আহ্বায়ক |